

স্কুলছাত্রীকে যৌন হয়রানির অভিযোগ শিক্ষকের বিরুদ্ধে

ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ) প্রতিনিধি ▷

ময়মনসিংহের পৌরীপুরে এক শিক্ষকের বিরুদ্ধে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীকে যৌন হয়রানির অভিযোগ উঠেছে। গত সপ্তাহে ঘটে যাওয়া ওই ঘটনার বিচার চেয়ে গতকাল বুধবার ছাত্রীর পক্ষ থেকে উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ জানানো হয়েছে।

অভিযোগ সূত্রে জানা গেছে, উপজেলার পৌর শহরের মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো. রফিকুল ইসলাম বিদ্যালয় বন্ধের দিন গত ৩রা ফেব্রুয়ারি পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে কোচিংয়ের আয়োজন করেন। এক ছাত্রীকে আশ্রয় কক্ষে বসিয়ে পরীক্ষা নেওয়ার সময় যৌন হয়রানির চেষ্টা করলে ওই ছাত্রী পরীক্ষা শেষ না করেই বাড়ি চলে যায়। পরে বিষয়টি জানাজানি হলে অভিযুক্ত শিক্ষক ওই ছাত্রীর পরিবারকে ডায়েরী দেন। জানতে পেরে উপজেলা নারী উন্নয়ন ফোরাম উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে অভিযুক্ত শিক্ষকের বিচার দাবি করে লিখিত অভিযোগ জানায়। উপজেলা নির্বাহী কর্মকর্তা লিখিত অভিযোগ পাওয়ার পর সত্যতা নিশ্চিত করেছেন। এ ঘটনায় বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. মকবুল হোসেন জানান, তিনি বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতির নির্দেশে শিক্ষক রফিকুল ইসলামকে গত মঙ্গলবার তিন দিনের বাধ্যতামূলক ছুটি দিয়েছেন।

বিদ্যালয়ের সভাপতি ম. নুরুল ইসলাম বলেন, ঘটনাটি নিয়ে ব্যাপক আলোচনা হয়েছে। এ অবস্থায় নিরাপত্তার স্বার্থে ওই শিক্ষককে ছুটিতে পাঠানো হয়েছে। আগামী ২৮ মার্চ এ বিষয়ে বিদ্যালয়ে সভা আহ্বান করা হয়েছে। ওই দিনই এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। পৌরীপুর উপজেলা নারী উন্নয়ন ফোরামের সভাপতি ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রাবেয়া ইসলাম ডলি জানান, ওই শিক্ষকের বিরুদ্ধে আগেও একাধিক অভিযোগ উঠেছে। সব ঘটনাই তিনি কৌশলে ম্যানেজ করেছেন। এবারও এ ধরনের অবস্থার সৃষ্টি হওয়ায় তদন্তের মাধ্যমে ওই শিক্ষকের বিচার দাবি করে লিখিত অভিযোগ জানানো হয়েছে।